



পশ্চিমবঙ্গ সরকার

অনগ্রসর শ্রেণি কল্যাণ ও আদিবাসী উন্নয়ন অধিকার

৮, লায়ন্স রেঞ্জ, মিত্র বিল্ডিং, ৩য় তল, কলকাতা- ৭০০০০১

ই-মেইল : bcw.comm@gmail.com দূরভাষ: ০৩৩-২২৩০-৮২৩৭/ ২২৩০-২২১০

স্মারকলিপি নং- ৫৫২ /বি.সি.ডব্লিউ.টি.ডি

তারিখ: ২৩.০৮.২০২৪

বিজ্ঞপ্তি

"সাধু রামচাঁদ মুর্মু, পণ্ডিত রঘুনাথ মুর্মু, লাল শুকরা ওরাওঁ, বিরসা মুন্ডা ও সিধু কানহু স্মৃতি পুরস্কার": ২০২৪-২০২৫

আদিবাসী সম্প্রদায়ের গুণীজনদের স্বীকৃতি স্বরূপ "সাধু রামচাঁদ মুর্মু, পণ্ডিত রঘুনাথ মুর্মু, লাল শুকরা ওরাওঁ, বিরসা মুন্ডা ও সিধু কানহু স্মৃতি পুরস্কার" প্রবর্তন করা হয়। বিগত ২০০২ সাল থেকে পশ্চিমবঙ্গ সরকার নিরবচ্ছিন্ন ভাবে এই স্বীকৃতি প্রদান করে আসছে। বিগত বছরের ন্যায় চলতি বছরেও উপরোক্ত পাঁচটি পুরস্কার প্রদান করার উদ্দেশ্যে আদিবাসী জনগণের মধ্য থেকে গুণী ব্যক্তিদের আবেদন করতে অনুরোধ করা হচ্ছে।

বিবেচ্য ক্ষেত্র ও বিবেচ্য ব্যক্তির যোগ্যতা: -

১। সাধু রামচাঁদ মুর্মু স্মৃতি পুরস্কার:- এই পুরস্কার আদিবাসী ভাষায় রচিত সাহিত্য কর্মের উপর প্রদান করা হয়। বিবেচ্য ব্যক্তির সৃষ্ট সাহিত্য কর্মই একমাত্র বিবেচিত হবে। প্রকাশিত গ্রন্থ বা পান্ডুলিপি ও কপি পাঠাতে হবে।

২। পণ্ডিত রঘুনাথ মুর্মু স্মৃতি পুরস্কার:- এই পুরস্কার চারু-কারু-শিল্পের জন্য প্রদান করা হয়। ন্যূনতম ১০ বৎসরের ধারাবাহিক কার্যক্রম এবং অনুকরণযোগ্য অবদান থাকতে হবে। শিল্পকর্মের নমুনা বা আসল নিদর্শন পাঠাতে হবে।

৩। লাল শুকরা ওরাওঁ স্মৃতি পুরস্কার:- শিল্পকলা প্রদর্শন (পারফর্মিং আর্টস) ও উৎকর্ষে বিশেষ অবদানের জন্য এই পুরস্কার প্রদান করা হয়। সঙ্গীত, নৃত্য, নাটক, আবৃত্তি, কথকতা, স্বল্প দৈর্ঘ্যের কাহিনী-চিত্র ইত্যাদি কলাশিল্পের ন্যূনতম ১০ বৎসরের ধারাবাহিক কার্যক্রম এবং অনুকরণযোগ্য অবদান থাকতে হবে। শিল্পকর্মের নমুনা বা আসল ক্যাসেট/সিডি অডিও-ভিডিও রেকর্ড আকারে পাঠাতে হবে।

৪। বিরসা মুন্ডা স্মৃতি পুরস্কার:- বিজ্ঞান ক্ষেত্রে বিশেষ অবদানের বিষয় বিবেচিত হবে। ন্যূনতম ১০ বৎসরের ধারাবাহিক কার্যক্রম এবং অনুকরণযোগ্য অবদান থাকতে হবে। নমুনা/শংসাপত্রের প্রত্যয়িত নকল (৩ কপি) পাঠাতে হবে।

৫। সিধু কানহু স্মৃতি পুরস্কার:- সমাজকল্যাণমূলক কাজের (আদিবাসী সম্প্রদায়ের মানুষের শিক্ষা ও স্বাস্থ্যের উন্নয়ন, নারী ও শিশু কল্যাণ, নারী সশক্তিকরণ ইত্যাদি) ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের বিষয়

বিবেচিত হবে। ন্যূনতম ১০ বৎসরের ধারাবাহিক কার্যক্রম এবং অনুকরণযোগ্য অবদান থাকতে হবে।
নমুনা/শংসাপত্রের প্রত্যয়িত নকল (৩ কপি) পাঠাতে হবে।

- ❖ শুধুমাত্র আদিবাসী সম্প্রদায়ের গুণিজনেরাই পাঁচটি পুরস্কারের জন্য বিবেচিত হবেন।
- ❖ আবেদনকারীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ❖ ০১/০১/২০২৪ তারিখ অনুযায়ী আবেদনকারীর বয়স ন্যূনতম ২৫ বৎসর হতে হবে।
- ❖ আবেদনপত্রের সাথে থাকা গ্রন্থ /ক্যাসেট / অডিও /ভিডিও অবশ্যই আদিবাসী ভাষায় হতে হবে।
- ❖ "পন্ডিত রঘুনাথ মুর্মু স্মৃতি পুরস্কার" - এর ক্ষেত্রে চারু কারু শিল্পের নমুনা এবং "সিধু কানছ স্মৃতি পুরস্কার" - এর ক্ষেত্রে সমাজকল্যাণমূলক কাজের নমুনা কর্মস্থলে গিয়ে পরিদর্শন করা হতে পারে।
- ❖ যেকোনো আবেদন গ্রহণ/খারিজ করার সম্পূর্ণ অধিকার সিলেকশন কমিটির আছে।

❖ বিবেচ্য ব্যক্তির সাম্প্রতিককালে তোলা পাসপোর্ট মাপের দুটি ছবি এবং সাদা কাগজে নাম, ঠিকানা, ফোন/মোবাইল নং, জন্ম তারিখ, বর্তমান বয়স, যোগ্যতা ইত্যাদি উল্লেখ করে তাঁর অবদান বিষয়ে বিস্তারিত তথ্য দিতে হবে। আবেদনকারীর নাম ও ঠিকানাসহ আবেদনপত্র নিম্নলিখিত ঠিকানায় স্বহস্তে/ডাকযোগে ০৯/ ০৯/২০২৪ বিকাল ০৫.৩০ টার মধ্যে এবং ই-মেইলের মাধ্যমে মধ্যরাত ১২ টার মধ্যে পাঠাতে হবে।

দরখাস্তসহ আবেদনপত্র পাঠানোর ঠিকানা-

মহাধ্যক্ষ, অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন অধিকার, পশ্চিমবঙ্গ সরকার
৮, লায়ন্স রেঞ্জ, মিত্র বিল্ডিং, ৩য় তল, কলকাতা- ৭০০০০১

ই-মেইল : adivasign@gmail.com

দূরভাষ: ০৩৩-২২৩০-৮২৩৭/ ২২৩০-২২১০

ডঃ অশ্বিনী কুমার ঘাদব, আই. এ. এস.

মহাধ্যক্ষ

অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন অধিকার